# আল-আম্বিয়া | Al-Anbiya | ٱلْأَنۢبِيَآء

আয়াতঃ ২১ : ১৬

## আরবি মূল আয়াত:

وَ مَا خَلَقۡنَا السَّمَآءَ وَ الۡاَرۡضَ وَ مَا بَیۡنَهُمَا لٰعِبِیۡنَ ﴿۱۶﴾

## অনুবাদসমূহ:

আসমান-যমীন ও তাদের মাঝখানে যা কিছু আছে তার কোন কিছুই আমি খেলাচ্ছলে সৃষ্টি করিনি। — আল-বায়ান

আসমান, যমীন আর এ দু'য়ের মধ্যে যা কিছু আছে তা আমি খেলতে খেলতে বানাইনি। — তাইসিরুল

আকাশ ও পৃথিবী এবং যা এতদুভয়ের মধ্যে রয়েছে তা আমি ক্রীড়াচ্ছলে সৃষ্টি করিনি। — মুজিবুর রহমান

And We did not create the heaven and earth and that between them in play.
— Sahih International

১৬. আর আসমান, যমীন ও যা এতদুভয়ের মধ্যে আছে তা আমরা খেলার ছলে সৃষ্টি করিনি।

-

তাফসীরে জাকারিয়া

(১৬) আকাশ ও পৃথিবী এবং যা উভয়ের অন্তর্বর্তী তা আমি খেলাচ্ছলে সৃষ্টি করিনি। [1]

[1] বরং এর পিছনে বেশ কয়েকটি উদ্দেশ্য ও যুক্তি ছিল। যেমন বান্দারা আমার স্মরণ ও কৃতজ্ঞতা করবে, সৎলোকদেরকে সৎকাজের প্রতিদান এবং পাপীদেরকে পাপের শাস্তি দেওয়া হবে ইত্যাদি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2499

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন